

“অতিথি প্রশিক্ষক (Guest Instructor) ও অতিথি স্কীল্ড ওয়ার্কারদের (Guest Skilled Worker) আমন্ত্রণ ও সম্মানী প্রদান নীতিমালা, ২০২২”

- ১। শিরোনামঃ এ নীতিমালা জেলা/উপজেলা পর্যায়ে স্থাপিত সকল আইএমটি/টিটিসিতে প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে “অতিথি প্রশিক্ষক (Guest Instructor) ও অতিথি স্কীল্ড ওয়ার্কারদের (Guest Skilled Worker) আমন্ত্রণ ও সম্মানী প্রদান নীতিমালা, ২০২২” হিসেবে অভিহিত হবে।
- ২। সংজ্ঞাঃ বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে এই নীতিমালায়-
- ২.১) প্রশিক্ষণ অর্থ স্বল্প মেয়াদী দক্ষতা উন্নয়ন এবং ভাষা প্রশিক্ষণ, ডিপ্লোমা, সার্টিফিকেট ইন মেরিন এবং প্রাক-বহির্গমন ওরিয়েন্টেশনকে বুঝাবে।
- ২.২) অতিথি প্রশিক্ষক ও অতিথি স্কীল্ড ওয়ার্কার বলতে নিয়মিত প্রশিক্ষক পদায়ন না হওয়া পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রমে প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন উপযুক্ত আমন্ত্রিত ব্যক্তিবর্গ এবং প্রশিক্ষণের প্রয়োজনে যে কোন আমন্ত্রিত প্রশিক্ষক ও স্কীল্ড ওয়ার্কারদেরকে বুঝাবে।
- ৩। অতিথি প্রশিক্ষক ও অতিথি স্কীল্ড ওয়ার্কার নির্বাচনঃ
- ৩.১) সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত/বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিবর্গ এবং টিটিসি/আইএমটি/পলিটেকনিক ইনস্টিটিউট এর অবসরপ্রাপ্ত প্রশিক্ষক ও স্কীল্ড ওয়ার্কার;
- ৩.২) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন সরকারি/বেসরকারি পর্যায়ের দপ্তর/শিল্প কারখানায় কর্মরত/ অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী;
- ৩.৩) সংশ্লিষ্ট কোর্স/ট্রেডে দক্ষ বিদেশ প্রত্যগত অভিবাসী।
- ৪। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাঃ
- ৪.১) দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে আমন্ত্রিত অতিথি প্রশিক্ষকের ক্ষেত্রেঃ সংশ্লিষ্ট বিষয়/টেকনোলজিতে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং সনদধারী হতে হবে। National Technical & Vocational Qualification Framework (NTVQF) Level 4 (Four) অর্জনকারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
- ৪.২) ভাষা প্রশিক্ষণে আমন্ত্রিত অতিথি প্রশিক্ষকের ক্ষেত্রে জাপানী ভাষার জন্য N-3 এবং ইংরেজি ভাষার জন্য IELTS-6 লেভেল, কৌরিয়ান এবং অন্যান্য ভাষার ক্ষেত্রে সমমান যোগ্যতাধারী হতে হবে।
- ৪.৩) স্কীল্ড ওয়ার্কারদের ক্ষেত্রে এসএসসি/সমমান পাশ এবং NTVQF Level-2 অর্জনকারী হতে হবে।
- ৪.৪) মেরিন টেকনোলজী এর ক্ষেত্রে অতিথি প্রশিক্ষকগণকে COC-1, COC-2 ডিহীধারী হতে হবে।
- ৫। সম্মানী ও ক্লাসঃ
- ৫.১) একজন আমন্ত্রিত অতিথি প্রশিক্ষক তাত্ত্বিক ও ব্যবহারিক মিলে দিনে সর্বোচ্চ ৫টি ক্লাস নিতে পারবেন। তবে তাত্ত্বিক ও ব্যবহারিক মিলে প্রতি মাসে সর্বোচ্চ ৯০ (নব্বই) টি ক্লাস নিতে পারবেন। অতিথি প্রশিক্ষকগণ ভ্যাট ট্যাক্সসহ প্রতি ঘন্টা তাত্ত্বিক ৪০০/- (চারশত) টাকা এবং ব্যবহারিক ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা সম্মানী প্রাপ্য হবেন।
- ৫.২) স্বল্প মেয়াদী দক্ষতা প্রশিক্ষণ, ডিপ্লোমা, সার্টিফিকেট ইন মেরিন ট্রেডে আমন্ত্রিত অতিথি স্কীল্ড ওয়ার্কার ভ্যাট-ট্যাক্সসহ প্রতি ঘন্টা ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা হিসেবে প্রাপ্য হবেন এবং একজন অতিথি স্কীল্ড ওয়ার্কার প্রতি মাসে সর্বোচ্চ ৮০ (আশি) টি ক্লাস নিতে পারবেন।
- ৬। সম্মানী পরিশোধঃ
- ৬.১) অতিথি প্রশিক্ষক ও অতিথি স্কীল্ড ওয়ার্কারদের বিল হতে বিধি মোতাবেক ভ্যাট/আয়কর কর্তন সাপেক্ষে সম্মানী প্রদান করা হবে।
- ৬.২) সম্মানী প্রদানের ক্ষেত্রে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে অতিথি প্রশিক্ষক ও স্কীল্ড ওয়ার্কারদের নিজস্ব অ্যাকাউন্টে সম্মানী পরিশোধ করতে হবে।
- ৬.৩) টিটিসি/আইএমটির নিয়মিত প্রশিক্ষকগণ বিশেষ প্রয়োজনে/ছুটিকালীন সময়ে প্রশিক্ষণ কার্যক্রমে অংশ নিতে পারবেন। সেক্ষেত্রে প্রতি ঘন্টায় ভ্যাট ও ট্যাক্সসহ তাত্ত্বিক ৩০০/- (তিনশত) টাকা এবং ব্যবহারিক ২০০/- (দুইশত) টাকা প্রাপ্য হবেন। তবে একজন নিয়মিত প্রশিক্ষক মাসে সর্বোচ্চ ৬,০০০/- (ছয় হাজার) টাকার অধিক সম্মানী প্রাপ্য হবেন না।
- ৬.৪) টিটিসি/আইএমটির নিয়মিত স্কীল্ড ওয়ার্কার বিশেষ প্রয়োজনে/ছুটিকালীন সময়ে প্রশিক্ষণ কার্যক্রমে অংশ নিয়ে প্রতি ঘন্টায় ১২৫/- (একশত পঁচিশ) টাকা হারে ব্যবহারিক ক্লাস নিতে পারবেন। সেক্ষেত্রে প্রতি মাসে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকার অধিক সম্মানী

